

ডায়েরী নং ৩১৪১ তারিখ ২৫/১/২০২০
অইদিতি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”



বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২
খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ফোনঃ ৮৯০০৩৫৮।
ই-মেইল: rebdpa@gmail.com

স্মারক নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১১২.১৮- ১৬৮২

তারিখঃ ১৪ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

নোটিশ

বিষয়ঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর রাজস্ব খাতভুক্ত ‘সহকারী প্রকৌশলী’ পদে নিয়োগ প্রসঙ্গে।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর রাজস্ব খাতভুক্ত ‘সহকারী প্রকৌশলী’ এর ০২টি শূন্য পদে উক্ত পদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের দ্বারা প্রস্তুতকৃত প্যানেল থেকে নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণকে নিয়োগের জন্য নিয়োগপত্র প্রেরণ করা হয়েছেঃ

পদের নাম	রোল নম্বর	যোগদানের তারিখ
সহকারী প্রকৌশলী	০৩৫১৫ ও ০৫৯৭৩ (মোট ০২ জন)।	আগামী ০৯-০২-২০২০ খ্রি. তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে।

সহকারী প্রকৌশলী পদের নিয়োগ পত্রের শর্তাবলী :

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)-এর রাজস্ব খাতভুক্ত সহকারী প্রকৌশলী পদে আপনাকে সম্পূর্ণ অস্থায়ী ও এডহক ভিত্তিতে বোর্ড-এর প্রচলিত বিধি অনুযায়ী প্রদেয় ভাতাসহ জাতীয় বেতন স্কেল’২০১৫ মোতাবেক ৳ ২২০০০-৫৩০৬০/= টাকা বেতনক্রমে (গ্রেড-৯) নিম্নবর্ণিত শর্তে নিয়োগপত্র প্রদান করা হলোঃ

- ০১। চাকুরীতে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর আপনি শিক্ষানবিস হিসেবে নিয়োজিত থাকবেন। আপনার চাকুরী তত্ত্বক্ষণ পর্যন্ত স্থায়ী হবে না যতক্ষণ না বোর্ড সংশ্লিষ্ট প্রবিধানমালার আদেশবলে, সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন। তবে, উক্ত সময়কাল কর্তৃপক্ষের ইচ্ছা অনুযায়ী অনূর্ধ্ব ০২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত করা হতে পারে। তাছাড়াও, বোর্ড কর্তৃক পুলিশ বিভাগ হতে আপনার চরিত্র ও প্রাক-পরিচয়ের সন্তোষজনক রিপোর্ট প্রাপ্তি, আপনার সম্পর্কে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার ইতিবাচক মতামত-এর উপর আপনার শিক্ষানবিসকালের সন্তোষজনক সমাপ্তি এবং আপনার চাকুরীর স্থায়ীকরণ নির্ভর করবে।
- ০২। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করে আপনার শিক্ষানবিসকালে চাকুরীর অবসান ঘটাতে পারবেন এবং এরূপ চাকুরী অবসানের কারণে আপনি কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।
- ০৩। আপনি যদি কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা অথবা পল্লী বিদ্যুৎ সমিতির চাকুরীতে নিয়োজিত থাকেন, তাহলে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এ যোগদানের সময় আপনাকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত অব্যাহতিপত্র পেশ করতে হবে।
- ০৪। যোগদানের সময় কোন সিভিল সার্জন-এর নিকট হতে আপনার শারীরিক সুস্থতা (ডোপ টেস্টসহ) স্বাক্ষরীয় একটি সার্টিফিকেট দাখিল করতে হবে (উক্ত সার্টিফিকেটে ডোপটেস্টের বিষয়টি পজেটিভ অথবা নেগেটিভ তা সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে)।

(অঃ পৃঃ দ্রঃ/০২)